# মিঠাপুকুর উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | **মোঃ জাকির হোসেন সরকার**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>মিঠাপুকুর,রংপুর । |
| স্হান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| তারিখ | ঃ | ১৭/০৪/২০২২ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ৩.০০ ঘটিকা |

সভায় উপস্হিত সম্মানিত সদস্য সদস্যাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক এ প্রদর্শিত

মিঠাপুকুর উপজেলা পরিষদের অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ জাকির হোসেন সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর। সভায় উপস্থিত আছেন জনাব এইচ এন আশিকুর রহমান, মাননীয় এমপি, ২৩-রংপুর ৫, সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্হায়ী কমিটি ও উপদেষ্ঠা উপজেলা পরিষদ মিঠাপুকুর, সভার শুরুতে সভাপতি মহোদয় বলেন আজকে ঐতিহাসিক মুজিবনগর দিবস। মুজিবনগর দিবসে তিনি স্বাধীনতার মহান স্থপতি সর্ব কালের সর্বশ্রেষ্ঠ বাঙালী স্বাধীন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন, মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহম্মেদ, মন্ত্রিপরিষদের সদস্য ক্যাপ্টেন মুনসুর আলী, এ, এইচ, এম, কামরুজ্জামান, সহ ৩০ লক্ষ বীর শহীদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সভায় উপজেলা পরিষদের উপদেষ্ঠা মাননীয় এমপি, মহোদয়সহ সকলকে ঐতিহাসিক মুজিবনগর দিবসের শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভার আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচী ঃ

০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও প্রকল্পসমূহ চুড়ান্ত অনুমোদন করন।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

০৩। বিবিধ আলোচনা।

০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদন করন ।

১নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয়। কারো কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

২নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে সভায় উপস্থিত বিভাগীয় কর্মকর্তাগন তাদের স্ব-স্ব বিভাগের কাজের অগ্রগতি সভায় উপস্হাপন করেন। যা বিভাগওয়ারী নিম্নরুপঃ-

**উপজেলা স্বাস্থ্য ও প:প: বিভাগ:-** উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। উপজেলা হাসপাতালে বহি: বিভাগ, জরুরী বিভাগ ও অন্ত: বিভাগে সেবা কার্যক্রম চলমান। X-ray মেশিন অচল থাকায় X-ray ব্যতিত অন্যান্য পরিক্ষী-নীরিক্ষা দ্বারা রোগ নির্ণয় করা হচ্ছে। জরুরী প্রস্তুতি সেবা কর্মসূচীর আওতায় ২৪ ঘন্টা স্বাভাবিক/ নরমাল ডেলিভারী এবং প্রয়োজনে সিজারিয়ান অপারেশন করা হচ্ছে। গত মার্চ মাসে ১২২ টি নরমালডেলিভারী ও ১১ টি সিজারীয়ান অপারেশন করা হয়েছে। মাঠ পর্যায়ে মঞ্জুরীকৃত পদের অর্ধেক জনবলদ্বারা ইপিআই, কোভিড-১৯ ভ্যাকসিন ও স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলছে। কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমে সকলের সমন্বিত উদ্যোগে রংপুর জেলার সকল উপজেলার মধ্যে সবচেয়ে এগিয়ে রয়েছে মিঠাপুকুর। গত ২৭ এবং ২৮ মার্চ বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) সর্বোচ্চ পর্যায়ে দুই জন ব্যক্তি মিঠাপুকুরের কোভিড ভ্যাক্সিন কার্যক্রম পরিদর্শন করে তার ভুঁয়সী প্রশংসা করেন। ৬৪টি কমিউনিটি ক্লিনিকের প্রাথমিক স্বাস্থ্য সেবা চলমান সিসি সমুহকে আরও কার্যকর করতে ইউনিয়ন পরিষদকে সক্রিয় ভূমিকা রাখার আহবান জানান উপজেলা ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স স্বাস্থ্য সেবা গ্রহণ বিশেষ করে নরমালডেলিভারী ও সিজারীয়ান অপারেশন সুবিধা গ্রহণ করার জন্য মিঠাপুকুর বাসীকে উদ্বুদ্ধকরণে উপজেলা পরিষদ ও সকল ইউনিয়ন পরিষদের একান্ত সহযোগীতা কামনা করেন। উপজেলা স্বাস্থ্য ও প:প: ডাঃ রাশেবুল হোসেন।

**উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি অফিসার, মিঠাপুকুর, রংপুর সভায় জানান এ বছরে কৃষি প্রণোদনার আওতায় মিঠাপুকুর উপজেলায় ২৯০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়। প্রত্যেক কৃষক ৫ কেজি ব্রি ধান-৪৮ এর বীজ এবং ২০ কেজি ডিএপি ও ১০ কেজি পটাশ সার পান। এ বছর ২৬৫০ হেঃ জমিতে আউশ আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের মাধ্যমে লতিবপুর ইউনিয়নের কৃষক শাহীন আলমকে ৫০% ভর্তুকিতে কম্বাইন্ড হারভেষ্টার বিতরণ করা হয়। কৃষিকে যান্ত্রিকরণ করতে এই ধরণের যন্ত্রছাড়া কোন বিকল্প নাই। সকলকে খুব কম খরচে এবং অল্প সময়ে এই যন্ত্র দ্বারা ধান, গম কর্তনের পরামর্শ দেওয়া হয়। উপজেলা পর্যায়ে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্প থেকে একটি কৃষি যন্ত্রপাতি ও উপকরন সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের স্থান দরকার যা উপজেলার কৃষকদের জন্য অনেক সুবিধা নিয়ে আসবে। এ ছাড়াও বর্তমান সময়ে ৩৪৫৬০ হেঃ জমিনে বোর ধানের চাষ হচ্ছে যা গত বছরের চেয়ে দুই হাজার হেক্টর বেশি। ধানের অবস্থা অনেক ভাল রয়েছে। এ ছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সাবলীলভাবে চলমান রয়েছে।

**সানিয়র উপজেলা মৎস্য বিভাগ**:- মৎস্য বিভাগের কাজ স্বাভাবিক ভাবে চলছে । জেলে নিবন্ধন কার্যক্রম ০৮ টি ইউনিয়ন থেকে মোট ৭১ জনের আবেদন পাওয়া গেছে। যাচাই-বাছাই পূর্বক জেলেদের তালিকা চুড়ান্ত করা হয়েছে। তাছাড়া ২০২১-২০২২ আর্থিক সালে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষে ০৪টি বিল নার্সারী(বড় রুহিয়া বিল, ছোট রুহিয়া বিল, গোছকাট বিল, শালমারা বিল ও রিভার বড় বিল) কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দেশীয় প্রজাতির মাছ বিলুপ্ত হতে রক্ষার জন্য ০২টি বিলে (তুলসীডাঙ্গা বিল ও কাফ্রিখাল বিল) অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। মান সম্মত রেনু পোনা উৎপানদনের জন্য বেসরকারী হ্যাচারীর নিবন্ধন/নবায়ন করা হচ্ছে। মৎস্য খাদ্য উৎপাদন কারখানার নিবন্ধন/নবায়ন করা হচ্ছে। এ লক্ষে উপজেলার বিভিন্ন মাছ বাজারে সচেতনতা সভা, অভিযান, মোবাইল কোর্ট চালানো হচ্ছে।

**উপজেলা প্রাণি সম্পদ বিভাগ**:- গত মাসে উপজেলা প্রাণিসম্পদ ও ভেটেনারী হাসপাতালে ২৩১৮ টি গবাদি প্রাণীর ও ১২৩৭০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়। গত মাসে মোট ৩৩ টি পয়েন্টে ১৯৫৫টি গাভীর কৃত্রিম প্রজনন করা হয়এবং ৮০৫৯২টি গবাদিপশু ও ৫৬৯০০ টি হাঁস-মুরগীকে ভ্যাক্সিনেশনের আওতায় আনা হয়। সমতল ভুমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৫৪০- জন খামারীকে ১৮টি ব্যচে ছাগল-ভেড়া খামারীদের প্রশিক্ষণ প্রদান করা হয় ও আগামীতে তাদের মাঝে ছাগল/ভেড়া প্রদান করার প্রস্তুতি চলছে। খামার রেজিষ্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

**উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক আছে। তিনি আরও বলেন যে, (২) ইতোমধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরাল ক্যাম্পাসে নির্মিত হয়েছে এর নিরাপত্তার জন্য চর্তুদিকে প্লাট ফরম তৈরী করা প্রয়োজন। প্লাট ফরম তৈরী বাবদ ৪,১৮,৬৮৩/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন মোতাবেক এলটিএম টেন্ডার উপজেলা রাজস্ব তহবিল হতে কাজটি বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) জায়গীরহাট শালমারা রোডে চেই: ২৭৭০ মিটার একটি ভাঙ্গা কালভার্ট মেরামত করা প্রয়োজন মর্মে উপজেলা প্রকৌশলী সভায় প্রস্তাব করেন। উক্ত কালভার্ট এর প্রাক্কলিত মূল্য ১,৫০.০০০/০ টাকা প্রাক্কলন মোতাবেক পিআইসির মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিল হতে কাজটি বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) সভায় উপজেলা প্রকৌশলী বলেন স্থানীয় এলাকাবাসীর পক্ষে আবেদনকারী মো: জুয়েল সরকার ৩নং পায়রাবন্দ ইউনিয়নের বেগম রোকেয়া গেট হতে চরকারবাড়ী রাস্তার ৫৫৮০ চেইনরেজ এ (সদরপুর হাজীর বাহার নামক স্থানে) পানি যাওয়ার জন্য একটি পাইপ ছিল। বর্তমানে তা না থাকায় পানি নিস্কাশনের সমস্যা হচ্ছে। উক্ত পানি নিরসনের জন্য পিভিসি পাইপ স্থাপন করা প্রয়োজন। উক্ত কাজটির ১,৯০৩৪৬/-(একলক্ষ নব্বই হাজার তিনশত ছয়চল্লিশ) টাকা প্রাক্কলন প্রস্তুতকরা হয়েছে। পিআইসি মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) ৪নং ভাংনী ইউনিয়নে কালুর ঘাট ব্রিজের Approach ক্ষতি হওয়ায় তা জরুরী ভিত্তিতে মেরাতম করা প্রয়োজন। কাজটি সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত সাপেক্ষে পিআইসি মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর মোট ৪(চার) কিস্তিতে ১,২১,৪৪০০০/-(এককোটি একুশ লক্ষ চৌয়াল্লিশ হাজার) টাকা পাওয়া গিয়াছে। উক্ত টাকা দিয়ে প্রকল্প গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে সর্বসম্মতিক্রমে প্রকল্প গ্রহণ করা হয়।
প্রকল্পসমূহ নিম্নরুপঃ-

## প্রকল্প সমূহ

### টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়িত

| ক্রঃনং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | প্রকল্পের ধরন | | সম্ভাব্য বরাদ্দের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | টেন্ডার | প্রকল্প কমিটি | | |
| ০১। | খোড়াগাছ | খোড়াগাছ ইউনিয়নের রুপসী সর্দারপাড়া সাজুর বাড়ির সামনের রাস্তার পুকুরে প্যালাসাইডিং নির্মাণ এবং রুপসী বাশটারী আঃ মজিদের বাড়ির সামনের রাস্তার পুকুরে প্যালাসাইডিং নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ০২। | রানীপুকুর | রানীপুকুর ইউনিয়নের বিভিন্ন স্থানে আরসিসি পাইপ স্থাপন এবং ভক্তিপুর মধ্যপাড়া জামে মসজিদ সংলগ্ন পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ০৩। | পায়রাবন্দ | পায়রাবন্দ ইউনিয়নের শালমারা লতিবপুর ভোলা মিয়ার পুকুর পাড় হইতে শালমারা নদী পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ০৪। | ভাংনী | ভাংনী ইউনিয়নের কাগজীপাড়া আশরাফিয়া দাখিল মাদ্রাসার শ্রেনীকক্ষ নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ০৫। | বালারহাট | বালারহাট ইউনিয়নের টেবরার বাজারের উত্তর পার্শ্বে ইসমাইলের বাড়ি হইতে খোর্দ্দ কোমরপুর মধ্যপাড়া জামে মসজিদ পর্যন্ত এইচবিবি রাস্তা নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ০৬। | কাফ্রিখাল | কাফ্রিখাল ইউনিয়নের ৫নং ওয়ার্ডের পিরোজপুর মৌজার বাচ্চু মাষ্টারের | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৭। | লতিবপুর | লতিবপুর ইউনিয়নের জায়গীর বাস স্ট্যান্ড হইতে লতিবপুর ইউনিয়ন পরিষদগামী রাস্তায় ঘেচুলিয়া মৌজার ইসলাম মোড়ে প্যালাসাইডিং নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ০৮। | চেংমারী | চেংমারী ইউনিয়নের বীর মুক্তিযোদ্ধা আব্দুল করিম মন্ডলের বাড়ীর পার্শ্ব হইতে চিলাখাল বিলগামী রাস্তার পার্শ্বে আরসিসি ড্রেন নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ০৯। | ময়েনপুর | ময়েনপুর ইউনিয়নের ময়েনপুর রবির বাড়ির নিকট হতে মুকুল চেয়ারম্যানের বাড়ি পর্যন্ত এইচবিবি রাস্তা নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১০। | বালুয়ামাসিমপুর | বালুয়ামাসিমপুর ইউনিয়নের মোগলকোট পাকা রাস্তার আব্দুল হান্নানের বাড়ী হইতে শাহজাহান চেয়ারম্যানের বাড়ী ভায়া সেকেন্দারের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১১। | বড়বালা | বড়বালা ইউনিয়নের (১) গুটিবাড়ী ফজলুর বাড়ী হতে কবিরাজপাড়া যাওয়ার পথে মোক্তারের জমির উপর ইউড্রেন নির্মাণ, (২) পূর্ব বড়বালা সাহাদুলের বাড়ী হতে পাকা রাস্তায় যাওয়ার পথে মহব্বতের জমির উপর ইউড্রেন নির্মাণ, (৩) শালকাদহ বটের তল হতে মজিবার মন্ডলের বাড়ী যাওয়ার পথে মোঃ জুয়াবেদ হোসেন (জুয়েল ) এর জমির উপর ইউড্রেন নির্মাণ ও (৪) কুড়ারপাড় হেকমতের বাড়ীর নিকট রাস্তায় ইউড্রেন নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১২। | মিলনপুর | মিলনপুর ইউনিয়নের (১) শাহাআলম সরকারী প্রাথমিক বিদ্যালয় হইতে শাহাআলমপুর জামে মসজিদ পর্যন্ত সার্ফেজ ড্রেন নির্মাণ, (২) খামার মকিমপুর মেরীর চর) ঈমান এর বাড়ী হতে শাহীনের বাড়ী পর্যন্ত সার্ফেজ ড্রেন নির্মাণ, (৩) সন্তোষপুর গ্রামের তসলিম উদ্দিন এর বাড়ি হতে নাজাব এর বাড়ী পর্যন্ত সার্ফেজ ড্রেন নির্মাণ, | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১৩। | গোপালপুর | গোপালপুর ইউনিয়নের ধাপ শ্যামপুর সাহেব বাঘার বাড়ি হইতে নজরুলের বাড়ি পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ এবং ধাপ শ্যামপুর উত্তরপাড়া সদর মন্ডলের বাড়ী হতে মাঠ পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১৪। | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের স্বাস্থ্য সম্মত টয়লেট নির্মাণের লক্ষ্যে গরীব জনসাধারনের মধ্যে বিতরণের জন্য আরসিসি রিং স্লাব তৈরী। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১৫। | বড়হযরতপুর | বড়হযরতপুর ইউনিয়ন পরিষদেও গেট হইতে ইউনিয়ন পরিষদ ভবন পর্যন্ত রাস্তা এইচবিবি করণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১৬। | মির্জাপুর | মির্জাপুর ইউনিয়নের পশ্চিম মুরাদপুর রাজ্জাক ব্যাপারির বাড়ি হতে সৈয়দ দোকানদারের মোড় হয়ে পাকা রাস্তা পর্যন্ত এইচবিবি রাস্তা নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১৭। | ইমাদপুর | ইমাদপুর ইউনিয়নের ইমাদপুর মসজিদপাড়া মসজিদ হয়ে ইমাদপুর মসজিদপাড়া প্রাথমিক বিদ্যালয় গামী রাস্তায় মানিক মিয়ার পুকুর ধারে গাইড ওয়াল নির্মাণ এবং মির্জাপুর দিঘর মাদাইতলা পাকা রাস্তায় রাধাকৃঞ্চপুর দিঘির পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১৮। | উপজেলা নির্বাহী অফিসার | মিঠাপুকুর উপজেলায় শিশু পার্কের সীমানা প্রাচীর নির্মাণ ও গ্রীল স্থাপন। | টেন্ডার | -- | ৪০০০০০.০০ | |
| ১৯। | উপজেলা চেয়ারম্যান | উপজেলার বিভিন্ন রাস্তায় পানি নিস্কাশনের জন্য ৮ ইঞ্চি, ১০ ইঞ্চি ও ১২ ইঞ্চি পাইপ সরবরাহ। | টেন্ডার | -- | ৬২০০০০.০০ | RFQ Method |
| ২০। | ভাইস চেয়ারম্যান পুরুষ | দুর্গাপুর ইউনিয়ন কৃঞ্চপুর নিরঞ্জন সরকারের বাড়ি হতে পরেশ চন্দ্র মহন্তের বাড়ী পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ | টেন্ডার | -- | ৫০০০০০.০০ | |
| ২১। | ভাইস চেয়ারম্যান মহিলা | রানীপুকুর ইউনিয়ন দৌলত নুরপুর গ্রাম শাফিয়ারের বাড়ি হইতে বাবুর বাড়ি পর্যন্ত এইচবিবি রাস্তা নির্মাণ | টেন্ডার | - | ৩০০০০০.০০ | |
| ২২। | উপজেলা চেয়ারম্যান | বড়হযরতপুর ইউনিয়নে শঠিবাড়ী-সেরুডাঙ্গা রাস্তায় মাঝগ্রাম আলীর মেশিন হতে ছাবুর বাড়ী পর্যন্ত রাস্তায় জয়নালের পুকুরের উপর প্যালাসাইডিং নির্মাণ। | টেন্ডার | | ১৫০০০০.০০ | |
| ২৩ | উপজেলা চেয়ারম্যান | ছড়ান বাজার হতে পূর্বদিকে সেরাজুলের জমি পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | টেন্ডার | | ১৫০০০০.০০ | |

## প্রকল্প কমিটি এর মাধ্যমে বাস্তবায়িত হবে

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | প্রকল্পের ধরন | | সম্ভাব্য বরাদ্দের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | টেন্ডার | প্রকল্প কমিটি | | |
| ০১। | খোড়াগাছ | খোড়াগাছ ইউনিয়নের লালপুকুর মাঠেরহাট জাহাঙ্গীরের বাড়ী হতে মজিবের বাড়ী পর্যন্ত পানি নিস্কাশনের জন্য সার্ফেজ ড্রেন নির্মাণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ০২। | রানীপুকুর | রানীপুকুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ০৩। | পায়রাবন্দ | পায়রাবন্দ ইউনিয়নের জনসাধারণের জন্য স্বাস্থ্য সম্মত পায়খানার রিং স্লাব তৈরী ও বিতরণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ০৪। | ভাংনী | ভাংনী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৫। | বালারহাট | বালারহাট ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ০৬। | কাফ্রিখাল | কাফ্রিখাল ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ০৭। | লতিবপুর | ৭নং ইউনিয়নের জায়গীর স্কুল এন্ড কলেজ, আদর্শ উচ্চ বিদ্যালয় ও সাদুল্যাপুর বাহারুল উলম দাখিল মাদ্রাসায় ক্রীড়া সামগ্রী ক্রয় পূর্বক সরবরাহ করণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ০৮। | চেংমারী | ৮নং ইউনিয়নের বিভিন্ন স্থানে পিভিসি পাইপ স্থাপন। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ০৯। | ময়েনপুর | ময়েনপুর ইউপির রবির বাড়ীর নিকট হইতে মিজানুরের বাড়ী যাওয়ার রাস্তায় বাবলুর বাড়ীর সামনে ১টি ইউড্রেন নির্মাণ ও উক্ত রাস্তার বিভিন্ন স্থানে পানি নিস্কাশনের জন্য পিভিসি পাইপ স্থাপন। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ১০। | বালুয়ামাসিমপুর | বালুয়ামাসিমপুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ১১। | বড়বালা | বড়বালা ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ১২। | মিলনপুর | মিলনপুর ইউপির চৌধুরী গোপালপুরহাট মিন্টু মিয়ার মার্কেট হতে মোকলেছারের দোকান পর্যন্ত পানি নিস্কাশনের জন্য সার্ফেজ ড্রেন নির্মাণ ও সংস্কার করণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ১৩। | গোপালপুর | গোপালপুর ইউনিয়নে রুবেলের বাড়ী হতে এজাব আলীর বাড়ীর জমি পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ১৪। | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে নলকুপ স্থাপন | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | *** |
| ১৫। | বড়হযরতপুর | সখিপুর দক্ষিন পাড়া জামে মসজিদ হইতে আল আমিনের বাড়ির উত্তর পাশে নওশার বাশ ঝার পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ১৬। | মির্জাপুর | হযরতপুর মৌজায় তোফাজ্জলের বাড়ী হইতে আমিনুলের বাড়ি পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | -- | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ১৭। | ইমাদপুর | মির্জাপুর ইউনিয়ন পরিষদের জলবদ্ধতা নিরসনের জন্য পরিষদ ভবনের পিছনে পাইপ ড্রেন নির্মাণ। | - | প্রকল্প কমিটি | ১৫০০০০.০০ | |
| ১৮ | ক)<br>খ) | মিঠাপুকুর উপজেলা শিশু পার্কের খেলাধূলার সামগ্রী স্থাপন (অংশ-১)<br>মিঠাপুকুর উপজেলা শিশু পার্কের খেলাধূলার সামগ্রী স্থাপন (অংশ-২) | | প্রকল্প কমিটি<br>প্রকল্প কমিটি | ১৫০০০০.০০<br>১৫০০০০.০০ | |
| ১৯। | বালুয়ামাসিমপুর | বুজরুক সন্তোষপুর আদর্শ উচ্চ বিদ্যালয় সংস্কার | -- | প্রকল্প কমিটি | ১০০০০০.০০ | |
| ২০। | মিলনপুর | দুর্গাপুর উচ্চ বিদ্যালয়ের ঘর নির্মাণ। | -- | প্রকল্প কমিটি | ১০০০০০.০০ | |
| ২১। | দুর্গাপুর | শীতলগাড়ী উচ্চ বিদ্যালয় উন্নয়ন। | -- | প্রকল্প কমিটি | ১০০০০০.০০ | |
| ২২। | দুর্গাপুর | দুর্গাপুর ইউনিয়নের দুর্গাপুর মালেকের বাড়ীর নিকট হতে কবর স্থানের পাশ দিয়ে টাওয়ারের নীচে পাকা রাস্তার ব্রীজ পর্যন্ত ড্রেন নির্মাণ। | -- | প্রকল্প কমিটি | ২০০০০০.০০ | |
| ২৩ | দুর্গাপুর | চাঁদনী চাঁদপুর দাখিল মাদ্রাসা উন্নয়ন। | -- | প্রকল্প কমিটি | ১০০০০০.০০ | |
| ২৪। | | মিঠাপুকুর উপজেলার বিভিন্ন স্থানে পানীয় জলের জন্য হ্যান্ড টিউব-ওয়েল সরবরাহ। | -- | প্রকল্প কমিটি | ২০০০০০.০০ | |

উপরোক্ত প্রকল্পসমূহ সর্বসম্মতভাবে অদ্যকার সভায় অনুমোদিত হলো। উপজেলা প্রকৌশলী নীতিমালা অনুযায়ী প্রকল্পসমূহ বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত দেয়া হলো। সভায় ইউ, পি চেয়াম্যানগণ সময় স্বল্পতার কারণে পিআইসি প্রকল্পের ৫০% টাকা অগ্রিম প্রদান করার জন্য সভায় অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী বলেন যে সময় স্বল্পতার কারণে প্রকল্পসমূহের কাজ সময়মত সমাপ্ত করার স্বার্থে পিআইসির প্রকল্পের ৫০% টাকা অগ্রিম প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে সিদান্ত গৃহীত হলো।

উপজেলা প্রকৌশলী আরও বলেন যে, ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবণ নির্মাণের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক প্রাক্কলন অনুমোদিত হয়েছে। বাস ভবনের স্থান নির্বাচন না হওয়ায় টেন্ডার আহবান করা যাচ্ছে না।

এমতাবস্থায় উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন নির্মাণের স্থান নির্ধারণের জন্য নিম্ন বর্ণিত কমিটি গঠন করা হলো।

(ক) বাবু নিরঞ্জন মহন্ত, উপজেলা ভাইস চেয়ারম্যান, মিঠাপুকুর, রংপুর।
(খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মিঠাপুকুর, রংপুর।
(গ) চেয়ারম্যান ১৪ নং দুর্গাপুর ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
(ঘ) চেয়ারম্যান ৬নং কাফ্রিখাল ইউনিয়ন পরিষদ,, মিঠাপুকুর, রংপুর।

উক্ত কমিটি সম্বলিতভাবে সরেজমিন তদন্ত করে উপজেলা নির্বাহী অফিসারের বাসভনের স্থান নির্বাচন করে সভাপতির নিকট প্রতিবেদন দাখিল করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নাই। বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবণ, উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার জায়গা বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। অত্র প্রতিষ্ঠানটি ৪ তলা ভিত্তিসহ দ্বিতল ভবণ নির্মাণের জন্য ৪ কোটি ৮০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে এবং ঠিকাদার নিযুক্ত করা হয়েছে।

**উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে অত্র বিআরডিবি এর অধীনে ১২টি প্রকল্প নিয়ে কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত কার্যক্রম যথারীতি ভাল ভাবে চলছে।

**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**- উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ মিঠাপুকুর,রংপুর এর মার্চ/২০২২ মাসের অগ্রগতির প্রতিবেদন। অত্র উপজেলায় মোট জনসংখ্যা ৫,৭৩,০৩৭ জন পুরুষ ২,৮৮,৪৮৫ জন মহিলা ২,৮৪,৫৫২ জন। সক্ষম দম্পতি ৯৮৯৬৫ জন। মোট গ্রহনকারী ৭২৩৯৬ জন। পদ্ধতির হার(CAR):- 75.35% অস্থায়ী পদ্ধতি:- খাবার বড়ি: ৫৯৫ জন। কনডম ১৫৯৪৮ জন। ইনজেকশন ২৬৩৩ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি : আইইউডি: ০২ জন। ইমপ্লান্ট:- ৪৯ জন। স্থায়ী পদ্ধতি:- পুরুষ :- ০ মহিলা:- ০২ জন। উপজেলা মোট গর্ভবর্তীর সংখ্যা ২৫৫৯ জন। নরমল/ প্রাতিষ্ঠানিক ডেলিভারী সংখ্যা ১৭৬ জন। উপজেলায় টিএফআর:-১.৬

**উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয় ২১/০৪/২০২২ খোলা থাকবে। যথা নিয়মে বিদ্যালয়গুলো পরিদর্শন চলছে। অন্যান্য কার্যক্রম স্বাভাাবিক।

**উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ-** উপজেলা যুব উন্নয়ন অফিস মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, মার্চ/২০২২ মাসে ৩০ জন বেকার যুব/যুব মহিলাদের মধ্যে গরু মোটাতাজাকরণ বিষয়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষন প্রদান করা হয়েছে। মার্চ/২০২২ মাসে ০৬ জন যুব/যুব মহিলাদের মধ্যে ৩ মাস মেয়াদী গবাদিপশু হাঁসমুরগী পালন ও মৎস্য চাষ বিষয়ে প্রশিক্ষন প্রদানের নিমিত্ত যুব প্রশিক্ষন কেন্দ্র রংপুর এ পাঠানো হয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর আওতায় সর্বশেষ ৯ম ব্যাচের ৪৮৮ জনের সংযুক্তি চলমান আছে। যা আগামী জুন/২০২২ মাসে সমাপ্ত হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে তার অফিসের ভিজিডি কার্যক্রম এপ্রিল/২০২২ মাসের ভিজিডি চাল বিতরণে আদেশ দেয়া হয়েছে কার্ডের সংখ্যা ৩০৪৮টি। সেচ্ছাসেবী ১৬টি সমিতির কার্যক্রম চলমান রয়েছে। মাতৃত্বকাল উপকারভোগী কার্ডের সংখ্যা ২৩৮০টি অপরদিকে আইজিএ কার্যক্রম চলমান রয়েছে। W.T.C কার্যক্রম চলমান রয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প কার্যক্রম চলমান। বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম (সভা, সেমিনার, উঠান বৈঠক) চলমান রয়েছে।

**উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:**- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় ২০২১-২০২২খ্রি.অর্থবছরে জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের স্মারক নং ৫১.০১.৮৫০০.০০০.১৪.
০০১.২১.৭৪৬ তারিখ. ৩০.১২.২০২২খ্রী.কর্মসূচীর আওতায় ৬৯,৯২,৬০৪.০৪ টাকা বরাদ্দ পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে বাস্তবায়ন নীতিমালা এবং বরাদ্দ পত্রের নির্দেশনার আলোকে ইউনিয়ন ওয়ারী উপ-বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**উপজেলা সমবায় বিভাগ:**- মিঠাপুকুর উপজেলায় সমবায় দপ্তরে আওতাধীন ২৩৬ সমবায় সমিতি রয়েছে। সমবায় আইন ও বিধি অনুযায়ী সমিতি গুলো পরিচালিত হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

উপজেলা খাদ্য বিভাগ:- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, শঠিবাড়ীর এলএসডি ধারণ ক্ষমতা ২০০০.০০০ মে.ট. বর্তমানে মজুদ প্রায় ২৬৬৪.৪৬১ মে. টন. চাউল এবং ২০২৩৫৮ খানা খালি বস্তা মজুদ রয়েছে। মজুদ সন্তোষজনক। প্রতি বছর গড়ে ১৫,০০০.০০ মে.টন. চাল ও ধান সরবরাহ করা হয়। জায়গার অভাবে সংগৃহীত চাল জেলার বাহিরে প্রেরণ করতে হয় এবং বিলি বিতরণের সময় আবার জেলার বাইরে হতে আনতে হয়। এতে সরকারের বিপুল পরিমাণে আর্থিক ক্ষতি হয়। তাই অত্র উপজেলায় আরও কমপক্ষে ২০০০.০০০ মে.টন. ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম নির্মাণ করা প্রয়োজন। আগামী বোরো ধান সংগ্রহনের জন্য কৃষক নিবদ্ধন শুরু হয়েছে। কৃষি বিভাগ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বিষয়টি সাধারণ কৃষক ভাইদের অবগতির জন্য অনুরোধ করা হলো। ইতোমধ্যে লিপলেট ও পোষ্টার বিলি বিতরণ শুরু হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

বিবিধ: উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব নিরঞ্জন মহন্ত, সভায় জানান যে, জনাব মোঃ হাছানুল বান্না, জীপগাড়ী চালক, উপজেলা পরিষদ কার্যালয় মিঠাপুকুর, রংপুর ভারী লাইসেন্সধারী হওয়ায় ০১/০৩/২০২২খ্রি.তারিখে একখানা উচ্চতর বেতনস্কেল প্রাপ্তির জন্য অবেদন পত্র দাখিল করেছেন। উক্ত আবেদনপত্রে উল্লেখ রয়েছে যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থাসবি/উজে-১/ড্রানি-৪/২০০০/২৩৫ স্মারকাদেশ মোতাবেক জাতীয় বেতনস্কেল এর আওতায় তার বর্তমান বেতন স্কেল ৯৩০০-২২৪৯০/-টাকার স্থলে পরবর্তী উচ্চতর বেতনস্কেল নির্ধারণের জন্য সভায় আলোচনা করে সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

27/4/2022

( মোঃ জাকির হোসেন সরকার )
চেয়ারম্যান
উপজেলা, পরিষদ
মিঠাপুকুর,রংপুর।

উপজেলা পরিষদ কার্যালয়
মিঠাপুকুর, রংপুর ।

স্মারক নং- ০৫.৪৭.৮৫৫৮.০০১.০০.০০০.২২- ৪৭৬/১(৮০)    তারিখ ঃ ১৭এপ্রিল ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জনাব এইচ এন আশিকুর রহমান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৩-রংপুর-৫ (মিঠাপুকুর) উপদেষ্টা উপজেলা পরিষদ ও সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্হায়ী কমিটি ।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।

৩। উপজেলা ভাইস চেয়ারম্যান, মিঠাপুকুর, রংপুর।

৪। উপজেলা ভাইস চেয়ারম্যান,(মহিলা) মিঠাপুকুর, রংপুর।

৫। উপজেলা..................................................অফিসার, মিঠাপুকুর, রংপুর ।

৬। চেয়ারম্যান......................................(সকল), ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর ।

১৭/০৪/২০২২

( উপজেলা নির্বাহী অফিসার )
মিঠাপুকুর,রংপুর।